

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৫৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যদি সালাতে মাঝে লোকদের (ইমামের দৃষ্টি আকর্শন করার) প্রয়োজন দেখা দেয়, তাহলে পুরুষদের জন্য 'সুবহানাল্লাহ' বলা আর নারীদের জন্য করতালী দেওয়ার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ بِالتَّسْبِيحِ لِلرِّجَالِ وَالتَّصْفِيقِ لِلنِّسَاءِ إِذَا حَزَّبَهُمْ أَمْرٌ فِي صَلَاتِهِمْ

আরবী

2257 ـ أَخْبُرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ حَدَّثَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكُ عَنْ أَبِي حَازِمِ بْنِ دِينَارٍ عَنْ سَهْلِ بْنِ سَعْد: أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم ذَهَبَ إِلَى بَنِي عَمْرِو بْنِ عَوْفَ لِيُصِلْحَ بَيْنَهُمْ وَحَانَت الصَّلَاةُ فَجَاءَ بِلَالٌ إِلَى أَبِي بكر الصديق , بَنِي عَمْرو بْنِ عَوْفَ لِيُصِلْحَ بَيْنَهُمْ وَحَانَت الصَّلَاةُ فَجَاءَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ فَقَالَ: أَتُصَلِّي لِلنَّاسُ فِي الصَّلَاةِ فَتخلَّص حَتَّى وَقَفَ فِي الصَّفِّ فصفَّق النَّاسُ - وَكَانَ أَبُو بَكْرٍ لَا يَلْتَفِتُ أَبُو بَكْرٍ فَرَأَى رَسُولَ اللَّهِ عَلَيْهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَالنَّاسُ وَي الصَّفِّ فَي الصَّفِّ فَصفَق النَّاسُ - وَكَانَ أَبُو بَكْرٍ لَا يَلْتَفِتُ أَبُو بَكْرٍ فَرَأَى رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَشَارَ إِلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَلَكَ أَبُو بَكْرٍ يَدَيْهِ فَحَمِدَ اللَّهَ - تَعَالَى - عَلَى مَا أَمْرَهُ بِهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَاشَارَ إِلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَالَا أَبُو بَكْرٍ يَدَيْهِ فَصَمِدَ اللَّهَ - تَعَالَى - عَلَى مَا أَمْرَهُ بِهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَانُ أَبُو بَكْرٍ عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَا أَبُو بَكْرٍ عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَيْهِ وَسَلَّمَ فَلَا أَبُو بَكْرٍ عَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ أَبُو بَكْرٍ عَلَى اللَّهُ عَلَيْهِ وَسُلَمَ فَقَالَ أَبُو بَكْرٍ: مَا فَصَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيْدُ مُ اللَّهُ عَلَيْهِ وَاللَّهُ مِنْ نَابَهُ شَيْءٌ فِي صَلَلَى اللَّهُ عَلَيْهِ وَسُلَمَ فَقَالَ رَسُولُ اللَّهُ عَلَيْهِ وَاللَّهُ عَلَيْهِ وَسَلَمَ أَلْونَ مُ اللَّهُ عَلَيْهِ وَسَلَمَ فَقَالَ رَبُولُ اللَّهُ عَلَيْهِ وَاللَّهُ عَلَيْهِ وَسَلَمَ الْمَنَاء وَلَا اللَّهُ عَلَيْهُ وَلُولُ الْمَاء اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ عَلَيْهُ اللَّهُ عَلَيْهُ وَلَا اللَّهُ عَلَيْهُ وَلَا اللَّهُ عَلَيْهُ ال

الراوي: سَهْل بْن سَعْدٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر:

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2257 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (868): ق.



বাংলা

২২৫৭. সাহল বিন সা'দ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার বানী আমর বিন আওফ গোত্রে যান, তাদের একটি বিবাদের মীমাংসা করার জন্য। অতঃপর সালাতের সময় হলে বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে কাছে আসেন এবং বলেন, "আপনি কি লোকদের নিয়ে সালাত আদায় করবেন, তাহলে আমি ইকামত দিতাম?" জবাবে তিনি বলেন, "হ্যাঁ, ঠিক আছে।" তারপর আবু বকর রাদ্বিয়াল্লাহু আনহু সালাত শুরু করলে রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চলে আসেন। এসময় লোকজন সালাতে ছিল। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কাতার ফাঁড়ি দিয়ে প্রথম কাতারে এসে দাঁড়ান। তখন লোকজন করতালি দিতে লাগেন। আর আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু সালাতে এদিক-ওদিক তাকাতেন না। কিন্তু লোকজন যখন প্রচুর পরিমাণ করতালি দেন, তখন আবু বকর রাদিয়াল্লাহু আনহু পিছনে তাকান এবং রাসূল সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লামকে দেখতে পান, রাসূল সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম তাকে ইশারায় বলেন, "আপনি আপনার জায়গায় বহাল থাকুন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবূ বকর রাদিয়াল্লাহু আনহুকে এই আদেশ করেছেন, এজন্য তিনি দুই হাত তুলে আল্লাহর প্রশংসা করেন। অতঃপর তিনি পিছনে কাতার বরাবর আসেন। আর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সামনে অগ্রসর হন। অতঃপর যখন সালাম ফেরান, তখন তিনি বলেন, "হে আবু বকর, যখন আমি আপনাকে আদেশ করলাম, তখন আপনাকে সেই জায়গায় অবস্থান করতে কীসে বারণ করলো?" আবু বকর রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আবু কুহাফার বেটার এই অধিকার নেই যে, সে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সামনে সালাত আদায় করবে!" অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের বলেন, "তোমাদের কী ব্যাপার, তোমরা অধিক পরিমাণে করতালি দিচ্ছিলে? কারো সালাতে কোন কিছু আরোপিত হলে, সে যেন 'সুবহানাল্লাহ' বলে। কেননা যখন 'সুবহানাল্লাহ' বলা হবে, তখন তার প্রতি দৃষ্টি দেওয়া হবে। আর নিশ্চয়ই করতালি নারীদের জন্য।"[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১/৬৩-১৬৪; মুসনাদ আহমাদ: ৫/৩৩৭; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/১১৭-১১৮; সহীহ আল বুখারী: ৬৮৪; সহীহ মুসলিম: ৪২১; আবূ দাউদ: ৯৪০; তাবারানী: ৫৭৭১; সুনান বাইহাকী: ২/২৪৬; বাগাবী: ৭৪৯; হুমাইদী: ৯২৭; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪০৭২; দারেমী: ১/৩১৭; নাসাঈ: ২/৭৭-৭৯; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৪৪৭; সহীহ ইবনু খুয়াইমাহ: ৮৫৩; ইবনুল জার্নদ: ২১১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৮৬৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন